গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অর্ধ-বার্ষিকি মূল্যায়ন পর্যালোচনা এবং ফলাবর্তক (feedback) সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মিজানুর রহমান<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৯ জানুয়ারি ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১০.৩০ ঘটিকায় |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

গত ০৯ জানুয়ারী ২০২৩ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে পাসম ও এর আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অর্ধ-বার্ষিকি মূল্যায়ন, পর্যালোচনা এবং ফলাবর্তক (feedback) বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

<u>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</u>

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অর্ধ-বার্ষিকি মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় [সূচক ১.১.১] নির্মিত বাঁধ, [সূচক ১.১.২] পুনঃনির্মিত বাঁধ, [১.২.১] সংরক্ষিত নদী তীর, [সূচক ২.১.১] ডুবন্ত বাঁধ নির্মান, [সূচক ২.২.১] উপকূলীয় বাঁধ নির্মান, [৩.১.১] খননকৃত/পুনঃখননকৃত সেচ খাল, [৩.১.২] পুনঃনির্মিত/মেরামতকৃত সেচ কাঠামো, [৩.২.১] খনন/পুনঃখনন কৃত নিষ্কাশন খাল, [৩.২.২] নির্মিত পানি নিয়ন্ত্রণ কাঠামো, [৩.২.৩] পুনঃনির্মিত/মেরামতকৃত/পুনর্বাসনকৃত পানি নিয়ন্ত্রণ কাঠামো, [সূচক ৪.৪.১] ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন, [৪.৫.১] সমীক্ষা সম্পাদন সূচকসমূহে অগ্রগতি অনেক কম। [সূচক ৪.৬.১] নদ-নদীর ক্রস সেকশন জরীপকরণ সূচকে কোন অর্জন নাই। যে সমস্ত সূচকসমূহে লক্ষ্যমাত্রা থেকে অর্জন অনেক কম সেগুলো সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন এবং সকল প্রকার প্রমানক যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণ করার পরামর্শ প্রদান করেন।

<u>বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর</u>

বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের অর্ধ-বার্ষিকি মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় [সূচক ১.১.১] বাঁধ পরিদর্শনকৃত, [১.২.১] প্রকল্প পরিদর্শনকৃত, [১.২.২] সুপারিশ বাস্তবায়িত, [সূচক ২.১.১] সভা অনুষ্ঠিত এবং [সূচক ৪.১.১]

মতামত প্রাদনকৃত সূচকসমূহে কোন অর্জন নাই। নির্ধারিত সময়ের মধ্যে সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়েছে।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার অর্ধ-বার্ষিকি মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় [সূচক ৪.১.১] বিভিন্ন সংস্থার দুইটি প্রকল্প পরিদর্শন সূচকে কোন অর্জন নাই। নির্ধারিত সময়ের মধ্যে সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়েছে।

নদী গবেষণা ইনস্টিটিউট

নদী গবেষণা ইনস্টিটিউটের অর্ধ-বার্ষিকি মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় [১.২.১] ভৌত/গাণিতিক মডেলিং, [১.৩.১] গবেষণা পরিচালিত সূচকে কোন অর্জন নাই। নির্ধারিত সময়ের মধ্যে সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়েছে।

যৌথ নদী কমিশন, বাংলাদেশ

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর অর্ধ-বার্ষিকি মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় লক্ষ্যমাত্র অনুযায়ী অর্জন ঠিক আছে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়েছে।

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয়ের জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ প্রকল্প পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবে এবং সুপারিশ প্রদানের সময় চলমান অর্থ বছরে বাস্তবায়নযোগ্য কিনা সেদিকে লক্ষ্য রাখতে হবে। | জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট, পাসম |
| ২। | পাসম ও এর আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অন্তর্ভূক্ত ০৫টি পরিকল্পনা (এনআইএস, জিআরএস, আরটিআই, ই-গভর্নেন্স ও ইনোভেশন এবং সিটিজেন চার্টার) লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | পাসম ও আওতাধীন সংস্থাসমূহ |
| ৩। | আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অন্তর্ভূক্ত ০৫টি পরিকল্পনা (এনআইএস, জিআরএস, আরটিআই, ই-গভর্নেন্স ও ইনোভেশন এবং সিটিজেন চার্টার) লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সমন্বয় করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে মর্ধ্যবর্তী মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করবেন। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ, পাসম |
| ৪। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অর্ধ-বার্ষিকি মূল্যায়নে যেসমস্ত সূচকে অর্জন কম সেগুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পাসম আওতাধীন সংস্থাসমূহ |
| ৫। | বাপাউবোর যেসমস্ত সূচকে অর্জন কম সেগুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের নিয়ে বিশেষ সভা করে নির্দেশনা প্রদান করতে হবে। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৬। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বাপাউবোর প্রধান প্রকৌশলীগণ তাঁর আওতাধীন সার্কেল/বিভাগ অফিসগুলোর ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে সমন্বয় করবেন এবং অগ্রগতি পর্যালোচনা সভা করবেন। | সকল প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |

| | | |
|---|---|---|
| ৭। | সকল লক্ষ্যমাত্রা ও সূচকের যথাযথ প্রমানক (ছবি, ভিডিও, হার্ডকপি ডকুমেন্ট ও অন্যান্য) সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে এবং চূড়ান্ত মূল্যায়নের সময় দাখিল করতে হবে। | পাসম এর আওতাধীন সংস্থাসমূহ |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিজানুর রহমান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.৯৯.০৫৬.২২.২১

তারিখ: ৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৬) .....সকল কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) নির্বাহী প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) সচিব, প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
১৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ), পরিবেশ, বন ও মৎস্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
১৭) নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী প্রকৌশলীর দপ্তর-৩, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
১৮) প্রকল্প পরিচালক (রুটিন দায়িত্ব), ব্যাম্বো ব্যান্ডেলিং এর মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন এলাকায় নদীর তীর ভাঙ্গন রোধ, ভূমি পুনরুদ্ধার ও নাব্যতা বৃদ্ধি পাইলট প্রকল্প, নদী গবেষণা ইনস্টিটিউট
১৯) অফিস কপি।

মোহা: শাজাহান আলি
উপসচিব